

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।
“নৈতিকতা কমিটির” ২০১৯-২০২০ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জগদীশ চন্দ্র মন্ডল
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

স্থান : বাকেশি সভাকক্ষ।
তারিখ : ০৬-১০-২০১৯ খ্রিঃ।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবীঃ

- | | |
|--|---------------|
| ১। জনাব মোঃ আলাউদ্দীন আল-আজাদ, মহাব্যবস্থাপক(উৎপাদন পরিকল্পনা ও মাননিয়ন্ত্রণ) | - সদস্য |
| ২। জনাব মোঃ সিরাজুল ইসলাম, মহাব্যবস্থাপক(উৎপাদন) | - সদস্য |
| ৩। জনাব এস. এম. জাকির হোসেন, মহাব্যবস্থাপক(রক্ষণাবেক্ষণ ও নির্মাণ) | - সদস্য |
| ৪। জনাব মোঃ মসলেম উদ্দীন, মহাব্যবস্থাপক(অর্থ ও হিসাব) | - সদস্য |
| ৫। জনাব শরীফ বদিউজ্জামান, উপ-মহাব্যবস্থাপক(প্রশাসন) | - সদস্য |
| ৬। জনাব মোঃ আরিফুর রহমান, ব্যবস্থাপক(নিরীক্ষা) | - সদস্য |
| ৭। জনাব এম. এম. মহিদুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক(সমন্বয়) | - সদস্য-সচিব। |


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই সভার শুরুতে গত ১০-০৭-২০১৯ খ্রিঃ তারিখে বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর সভাকক্ষে অনুষ্ঠিত “নৈতিকতা কমিটির” ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের ৯৯% বাস্তবায়িত হওয়ায় নৈতিকতা ও শুদ্ধাচার কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানানো হয়। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার সম্পর্কে আলোচনাসহ কর্মপরিকল্পনার যে সকল কার্যক্রম গৃহীত হয়েছে সে গুলির যথাযথ বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

- সিদ্ধান্তঃ (১)** আগামী ৩১-১২-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে কমপক্ষে ২০০০ কি:মি: অপটিক্যাল ফাইবার ক্যাবল, কমপক্ষে ২০,০০০ সিকেএম কপার ক্যাবল এবং কমপক্ষে ৯০০ কি:মি: এইচডিপিই ডাক্ট উৎপাদন করতে হবে।
- (২) বাকেশি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের অংশ হিসেবে ২য় ত্রৈমাসিকে কমপক্ষে ২০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- (৩) বাকেশি'র ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখতে হবে। এবং বাকেশি'র সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) যথাযথ বাস্তবায়ন করতে হবে।
- (৪) পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী বাকেশি'র ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-কার্য সম্পাদন করতে হবে।
- (৫) ই-টেন্ডারের মাধ্যমে কমপক্ষে ৬০% ক্রয় কার্য সম্পাদন করতে হবে। বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে বিদ্যুৎ ব্যবহার নীতিমালা প্রনয়ন করতে হবে। বাকেশি'র বিভিন্ন শাখায় এবং অধীনস্থ অফিস পরিদর্শন করতে হবে।
- (৬) চাকরি থেকে ইস্তফা, বরখাস্ত ও অবসরপ্রাপ্ত ব্যক্তিদের আর্থিক পাওনাদি সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে পরিশোধ করতে হবে।
- (৭) প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে হেল্প ডেস্ক চালু আছে এবং ইতিমধ্যে অত্র প্রতিষ্ঠানে স্বল্প পরিসরে ই-ফাইলিং চালু করা হয়েছে। এছাড়াও টেন্ডার বিজ্ঞপ্তি ও দরপত্র আহবান ইত্যাদি যথাসময়ে কোম্পানীর ওয়েবসাইটে

প্রকাশ করা হয়। সরকারের নির্দেশনা অনুসারে স্থানীয় দরপত্রসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে আহবানপূর্বক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে যা ভবিষ্যতেও চলমান থাকবে।

সভায় উপস্থিত সকলে কর্মপরিকল্পনা অনুযায়ী কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে এর ধারাবাহিকতা বজায় রাখার জন্য সকলে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জগদীশ চন্দ্র মন্ডল)

ব্যবস্থাপনা পরিচালক

ও

সভাপতি, নৈতিকতা কমিটি।